

কম্পিউটার ও তথ্য প্রযুক্তি দিয়ে দারিদ্র্য বিমোচন সম্ভব : ড. মুহাম্মদ ইউনুস

যুগান্তর রিপোর্ট

দু'দিনব্যাপী পঞ্চম আন্তর্জাতিক কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি সম্মেলন শুরু হয়েছে ঢাকায়। গতকাল শুক্রবার চীন বাংলাদেশ মৈত্রী সম্মেলন কেন্দ্রে এই সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন আন্তর্জাতিক খ্যাতিমান অর্থনীতিবিদ ও গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ড. মুহাম্মদ ইউনুস। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, মানুষের কাছে একমাত্র কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি পৌঁছে দিয়ে দ্রুত বিশ্বের দারিদ্র্য বিমোচন করা সম্ভব। কম্পিউটারকে তিনি আলাদিনের চেরণের সঙ্গে তুলনা করে বলেন, কিভাবে আরও সহজে এবং কম দামে এই কম্পিউটার বাংলাদেশের যুবসমাজের কাছে পৌঁছানো যায় সে বিষয়টি সরকারকে অবশ্যই বিবেচনা করতে হবে।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উদ্যোগে আয়োজিত এ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইউনিভার্সিটির দক্ষিণ এশিয়া অঞ্চলিক পরিচালক ড. জর্জ বি. আছাফ, যুক্তরাষ্ট্রের সিটি কলেজের অধ্যাপক মোহাম্মদ এ. করিম, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির অধ্যাপক মোজাম্মেল হক আজাদ খান, স্বাগত বক্তব্য রাখেন আয়োজক ইউনিভার্সিটির অধ্যাপিকা মিসেস ফেরদাউস আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির পরিচালনা বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।

সম্মেলন কমিটি সূত্রে জানা গেছে, এবারের এ সম্মেলনে মোট ২১২টি প্রবন্ধ জমা পড়েছিল। এর মধ্যে সম্মেলনের জন্য গ্রহণ করা হয় মোট ১১৮টি। দু'দিনব্যাপী কর্ম অধিবেশনে মোট ৫টি মূল প্রবন্ধ উপস্থাপন

করা হবে। এগুলোতে অংশ নেবে দেশ-বিদেশের খ্যাতিমান কম্পিউটার বিশেষজ্ঞ, পেশাজীবী, শিক্ষক ও ছাত্র।

ড. মুহাম্মদ ইউনুস বলেন, প্রত্যেকটি মানুষের মাঝেই ব্যাপক সৃষ্টিশীলতা রয়েছে। একই সঙ্গে তার রয়েছে সমস্যা দূর করার নিজস্ব ক্ষমতা। তিনি বলেন, প্রতিটি মানুষের দ্বারে এ সুবিধা পৌঁছে দিয়ে দ্রুত দারিদ্র্য বিমোচন করা সম্ভব।